### কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# প্রশাসনিক পদ থেকে বঙ্গবন্ধু পরিষদের একাংশের পদত্যাগ

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) প্রশাসনিক পদ থেকে পদত্যাগ করেছেন শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধু পরিষদের একাংশের নেতারা। শিক্ষকের বাসায় হামলার ঘটনার রহস্য উদ্ঘাটন ও বিচারের দাবি, শিক্ষক লাঞ্ছনাকারী ডিন ও বিভাগীয় প্রধান এম এম শরীফুল করীমকে তদন্ত চলাকালে দায়িত্ব থেকে অব্যাহতির দাবিতে তারা এ পদত্যাগের ঘোষণা দেন। গতকাল মঙ্গলবার বঙ্গবন্ধু পরিষদের (একাংশ) সাধারণ সম্পাদক জিয়াউদ্দিন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ে পর্যায়ক্রমে বিচারহীনতার সংস্কৃতি গড়ে উঠেছে। শিক্ষকদের মধ্যে বিভক্তি, প্রশাসনকে জামায়াতীকরণসহ নানা ঘটনা প্রতিনিয়ত ঘটে চলছে। এরই পরিপ্রেক্ষিতে বঙ্গবন্ধু পরিষদের যেসব সদস্য প্রশাসনিক পদে রয়েছেন, তারা পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন।

এদিকে, বঙ্গবন্ধু পরিষদের অপর অংশের সভাপতি দুলাল চন্দ্র নন্দী ও সাধারণ সম্পাদক ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিন স্বাক্ষরিত আরেক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষক সমিতিকে ৪ ফেব্রুয়ারির মধ্যে কর্মসূচি প্রত্যাহার করে পরদিন থেকে ক্লাস পরীক্ষা চালুর আহ্বান জানায়।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মজিবুর রহমান মজুমদার বলেন, 'ছাত্র উপদেষ্টা, হল প্রভোস্ট, হাউস টিউটরসহ ১২টি প্রশাসনিক পদ এবং অন্য ১২টি পদসহ মোট ২৪টি পদের শিক্ষকরা পদত্যাগপত্র দিয়েছেন। তবে কাজী নজরুল ইসলাম হলের প্রভোস্টের কার্যকাল শেষ হয়ে যাওয়ায় পদত্যাগপত্রটি উপাচার্য বরাবর উপস্থাপন করা যাচ্ছে না।